

ইত্তেফাক

তারিখ ... 26.11.77 ...  
পৃষ্ঠা... 1... কলাম... 1... ..

021

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## বি এ (পাস) পরীক্ষায় ২০টি কলেজে পাসের হার শূন্য

(চট্টগ্রাম অফিস হইতে)

চট্টগ্রাম, ২৫শে নবেম্বর—

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে  
চলতি সালে অনুষ্ঠিত বি এ  
(পাস) পরীক্ষায় পাসের হার  
২ দশমিক ৩৯। এই  
বিশ্ববিদ্যালয়ের অধীন ৭১টি  
কলেজের মধ্যে ২০টি কলেজ  
হইতে কোন পরীক্ষার্থী উত্তীর্ণ  
হইতে পারেন নাই। উত্তীর্ণদের  
কেহই প্রথম বিভাগ লাভ করেন  
নাই।

মোট ২ হাজার ৯ শত ১৭  
জন নিরমিত পরীক্ষার্থীর মধ্যে  
পাস করিয়াছেন মাত্র ২৭৪  
জন, তন্মধ্যে দ্বিতীয় বিভাগে  
উত্তীর্ণ হইয়াছেন ৪৫। রাও-  
জান, হাটহাজারী ও কুণ্ডেশ্বরী—  
এই ৩টি কলেজের ফল স্বগিত  
রাখা হইয়াছে।